

বায়ুফে প্রেসিডেন্টের বিবৃতি - জানুয়ারি, ২০১৮

অ-১৫ নারী দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

সাফ চ্যাম্পিয়নশিপ জয়ী বাংলাদেশ অ-১৫ দলকে গণভবনে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রতিযোগিতায় অপরাজিত চ্যাম্পিয়ন হওয়া অ-১৫ দলের প্রশংসা করে প্রধানমন্ত্রী ফুটবলসহ অন্যান্য খেলায় তরুণদের আরো বেশি করে যুক্ত হওয়ার পরামর্শ দেন। এর পাশাপাশি ফুটবলের সামগ্রিক উন্নয়নের জন্য সরকারের পক্ষ থেকে আরো মনোযোগ দেয়ার আশাবাদ ব্যক্ত করেন।

মাননীয় প্রধানমন্ত্রীর এই পরামর্শ আগামী দিনগুলোতে ফুটবলারদের অনুপ্রেরণা যোগাবে বলে আমি মনে করি। প্রতিপক্ষ দলগুলোর বিপক্ষে আমরা আরো আগ্রাসী ফুটবল খেলবো বলে আশা করছি।

যশোরে অ-১৫ দলকে অভ্যর্থনা

সাফ সাফল্যের প্রেক্ষিতে অ-১৫ নারী দলকে যশোর ফুটবল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে জিলা স্কুল মাঠে অভ্যর্থনা জানানো হয়। এছাড়া জয় বাংলা প্রথম বিভাগ ফুটবল লীগের লোগোও ইতোমধ্যে উন্মোচন করা হয়েছে। ডিএফএ প্রেসিডেন্ট আসাদুজ্জামান মিঠু এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ জেলা ভিত্তিক ফুটবলের মান উন্নয়নের জন্য নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। তাদের এই পরিশ্রমের মাধ্যমে বিভিন্ন জেলা থেকে আরো বেশি সংখ্যক ফুটবলার জাতীয় পর্যায়ে উঠে আসবে।

কোচদের জন্য রিফ্রেশার কোর্স

এএফসি 'সি' সার্টিফিকেট কোর্সধারী ৫০ জন কোচ গত ২২ এবং ২৩ জানুয়ারি রিফ্রেশার কোর্সে অংশগ্রহণ করেন। এদের মধ্যে ৩জন ছিলেন নারী এবং শতকরা ৭৫ ভাগই প্রত্যন্ত অঞ্চল থেকে এসেছেন।

একদিনের সেশনে ন্যাশনাল টেকনিক্যাল ডিরেক্টর এবং এএফসি ইন্সট্রাক্টর পল স্মলি থিওরি এবং প্র্যাকটিকাল নানা বিষয়ের উপর কোচদের জ্ঞান যাচাই এবং শিক্ষার ব্যবস্থা করেন।

এছাড়া চারজন নারীসহ মোট ৪০ জন কোচের উপস্থিতিতে 'বি' সার্টিফিকেট রিফ্রেশার কোর্স এবং ১৫ জনের উপস্থিতিতে 'এ' সার্টিফিকেট রিফ্রেশার কোর্স আয়োজন করা হয় যাদের মধ্যে অধিকাংশই জেলা পর্যায়ে থেকে এসেছেন।

এ বছর এ ধরনের আরো কোর্সের আয়োজন করবে বাফুফে এবং এ নিয়ে যাবতীয় তথ্য বাফুফে ওয়েবসাইট এবং কোচেস এডুকেশন কো-অর্ডিনেটের এর মাধ্যমে পাওয়া যাবে।

ইন্ডিপেন্ডেন্স কাপ ২০১৮

বিপিএল-এর ১২ টি দলের অংশগ্রহণে ইন্ডিপেন্ডেন্স কাপ ২০১৮-এর খেলা চলছে যা ফেব্রুয়ারির শুরুর দিকে শেষ হবে। ৬০ লাখ টাকা সমমূল্যের এই টুর্নামেন্টে ওয়ালটন মূল স্পনস হিসেবে যুক্ত আছে। প্রতিযোগিতায় জয়ী দলকে ৫ লাখ এবং রানার্স-আপ দলকে ৩ লাখ টাকা প্রাইজমানি দেয়া হবে।

ফিফা রেফারিদের ব্যাজ গ্রহণ

গত মাসে পাঁচজন রেফারি এবং সাতজন লাইসেন্সম্যান ফিফা ব্যাজ পেয়েছেন। আমি আগেও বলেছি ফুটবলের সামগ্রিক উন্নয়নের জন্য খেলোয়াড়-কোচদের পাশাপাশি অবকাঠামোগত ও ম্যাচ অফিসিয়ালদের উন্নতিও জরুরী। এ লক্ষ্য অর্জনের পথে রেফারিদের ফিফা ব্যাজ প্রাপ্তিকে আরেকটি ছোট পদক্ষেপ বলা যেতে পারে।

নীলফামারিতে মিনি আর্টিফিসিয়াল টার্ব

এএফসি প্রেসিডেন্টের নির্দেশ মতো নীলফামারি জেলা স্টেডিয়ামে মিনি আর্টিফিসিয়াল টার্ব বসানো হয়েছে। এ ধরনের উদ্যোগের মাধ্যমে তৃণমূল পর্যায়ে প্রতিভাবান ফুটবলার তৈরির কাজ সহজ হবে। এই লক্ষ্যে ফেনী এবং মাদারীপুরে আরো দুটি টার্ব বসানোর কাজ চলছে। এছাড়া এবছর আরো তিনটি জেলায় টার্ব বসানোর জন্য এএফসি বরাবর আবেদন করা হবে।

এএফসি কাপ ২০১৮-তে অংশ নিচ্ছে সাইফ স্পোর্টিং ক্লাব

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে এএফসি কাপ ২০১৮-তে অংশ নিতে যাচ্ছে আমাদের দেশের সাইফ স্পোর্টিং ক্লাব। দেশের ক্লাবগুলোর আন্তর্জাতিক অঙ্গনে অংশগ্রহণ ফুটবলের জন্যই ভাল

খবর। এ ধরনের প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে দেশের ফুটবল সঠিক পথে যাচ্ছে বলে আমি মনে করি।

সাইফ পাওয়ার ব্যাটারি থার্ড ডিভিশন

১৯ দলের অংশগ্রহণে সাইফ পাওয়ার ব্যাটারি থার্ড ডিভিশন ফুটবল লীগ ২০১৮-এর প্রাথমিক পর্যায়ের খেলা গত মাসে শুরু হয়েছে। প্রাথমিক পর্যায়ে দলগুলো দুটি গ্রুপে ভাগ হয়ে খেলছে এবং প্রতি গ্রুপ থেকে সেরা পাঁচটি করে দল পরবর্তী পর্যায়ে যাবে। প্রতিযোগিতায় সেরা পাঁচটি দলকে সেকেন্ড ডিভিশনে উত্তীর্ণ করা হবে এবং শেষের পাঁচটি দল রেলিগেশনের মুখোমুখি হবে।

এসইএমএস ফুটবল ফেস্ট

বিএএফ শাহীন ইংলিশ মিডিয়াম স্কুলের উদ্যোগে ২৫ জানুয়ারি থেকে প্রথমবারের মতো ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর মধ্যে ফুটবল ফেস্ট অনুষ্ঠিত হয়। অ-১৪, অ-১৬ এবং অ-১৯ পর্যায়ে ২২টি স্কুল থেকে ৫৬০ জন এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর এ ধরনের উদ্যোগকে আমি আন্তরিক সাধুবাদ জানাচ্ছি।

বিএফএফ লটারি টিকিট

ফাল্গ সংগ্রহের উদ্দেশ্যে দ্বিতীয়বারের মতো লটারির আয়োজন করবে বাফুফে। আগামী ২০ মার্চ থেকে ৩ মে পর্যন্ত ২০ টাকা মূল্যের এই লটারি টিকিট ছাড়া হবে। লটারির ড্র আগামী ৫ মে অনুষ্ঠিত হবে যেখানে ৩০ লাখ টাকা সর্বোচ্চ পুরস্কারসহ ৬২৫ টি প্রাইজ প্রদান করা হবে।